ভবিষ্যৎ পরিকল্পনা

বর্তমান কৃষিবান্ধব সরকারের নির্বাচনী ইশহেতার-2018 অনুযায়ী পুষ্টিসম্মত ও নিরাপদ খাদ্যের নিশ্চয়তা ও কৃষি ব্যবস্থায় যান্ত্রিকীকরণের মাধ্যমে সুখী-সমৃদ্ধি ভবিষ্যৎ নির্মাণে রূপকল্প (Vision)-2021 সফলভাবে সম্পন্নকরণের মাধ্যমে মধ্যম আয়ের দেশ, 2030 সালের মধ্যে এসডিজি (SDG) বাস্তবায়ন, 2041 সালের মধ্যে একটি উন্নত ও সমৃদ্ধ দেশের মর্যাদা অর্জন এবং শতবর্ষী ব-দ্বীপ পরিকল্পনা এর আলোকে বিএডিসি সেচ উইং খাদ্য উৎপাদন বৃদ্ধির জন্য বহুমুখী সেচ সেবা গ্রহণ করেছেঃ

* খাল/ নালা/ পুকুর খনন/ পুনঃখনন/ সংস্কার কার্যক্রমের মাধ্যমে ভূপরিস্থ পানির যথাযথ ব্যবহার নিশ্চিতকরণপূর্বক সেচ সুবিধা সম্প্রসারণ এবং জলাবদ্ধতা দূর করে জলাবদ্ধ জমি আবাদী জমিতে রূপান্তরকরণ;

* অনাবাদী জমি সেচের আওতায় আনয়নপূর্বক সেচ এলাকা বৃদ্ধির মাধ্যমে অর্থনৈতিক প্রবৃদ্ধিতে অবদান রাখা;

* পানি সাশ্রয়ী ফসলের আবাদ বৃদ্ধির মাধ্যমে সেচ খরচ হ্রাসকরণ;

* বিদ্যুৎ চালিত সেচযন্ত্রসমূহের বিদ্যুতায়ন নিশ্চিতকরণের মাধ্যমে সেচ খরচ হ্রাসকরণ;

* নবায়নযোগ্য শক্তি যেমন- সৌরশক্তি, বায়ুশক্তি, বায়োগ্যাস ইত্যাদি ব্যবহারের মাধ্যমে সেচ সুবিধা সম্প্রসারণ;

*সেচ কাজে ভূপরিস্থ পানি সম্পদের প্রাপ্যতা বৃদ্ধির লক্ষ্যে লাগসই ও টেকসই প্রযুক্তির ব্যবহার, সম্প্রসারণ ও সুসংহত করার কার্যক্রম গ্রহণ (যেমন: রাবার/ হাইড্রোলিক এলিভেটর ড্যাম নির্মাণ);

* বারিড পাইপ ও পাকা সেচনালা, আধুনিক ড্রিপ ও স্প্রিংকলার সেচ ব্যবস্থা স্থাপণের মাধ্যমে সেচ এলাকা (Command Area) সম্প্রসারণ, সেচের পানির অপচয়রোধ, সেচ খরচ হ্রাস এবং সেচ দক্ষতা বৃদ্ধিকরণ;

* ফসলের ফলন পার্থক্য (Yield Gap) কমানো;

* সময়মত ও পরিমাণমত ফসলে সেচের ব্যবস্থা করা;

* " অন ফার্ম ওয়াটার ম্যানেজমেন্ট" বিষয়ে কৃষকদের প্রশিক্ষণের মাধ্যমে সচেতন করে তোলা।

* বৃষ্টির পানি সংগ্রহ ও সংরক্ষণ করে সেচ সুবিধা প্রদানের ব্যবস্থা গ্রহণ;

* ভূগর্ভস্থ লবণ পানির অনুপ্রবেশ মনিটরিং এর মাধ্যমে সমুদ্র উপকূলবর্তী এলাকায় ভূগর্ভস্থ পানির লবণাক্ততা পর্যবেক্ষণ এবং লবণাক্ততা নিরূপণের মাধ্যমে Salinity Intrusion Map তৈরিকরণ;

* ক্ষুদ্রসেচ উন্নয়নের লক্ষ্যে সেচযন্ত্র, সেচ এলাকা, সেচের পানি ইত্যাদির নিয়মিত জরিপ, অনুসন্ধান, পানির গুণাগুণ পরীক্ষাকরণ, ভূগর্ভস্থ পানি মনিটরিং এ অটো ওয়াটার লেভেল রেকর্ডার ও ডাটা লগার স্থাপন এবং পর্যবেক্ষণ নলকূপের মাধ্যমে ভূগর্ভস্থ স্থিতিশীল পানির স্তর পরিমাপ করে Ground Water Map তৈরিকরণ;

* Smart Agricultural Practice, Space Technology (ST), Remote Sensing (RS), Geophysical Survey এর মাধ্যমে নিয়মিত পর্যবেক্ষণ, তথ্য সংগ্রহ, আধুনিক প্রযুক্তি যেমন: Geographic Information System (GIS) Modelling এর মাধ্যমে বিশ্লেষণ, পরিবীক্ষণপূর্বক সুপারিশ প্রণয়ন, প্রচার এবং ডাটাবেজ উন্নয়ন ও সরকারকে তা অবহিতকরণ;

* সর্বোপরি কৃষি ব্যবস্থা যান্ত্রিকীকরণ ও বাণিজ্যিকীকরণে সহায়তা প্রদান।

2030 সাল নাগাদ এসডিজি (SDG) বাস্তবায়নের লক্ষ্যে বিএডিসি ক্ষুদ্রসেচ উইং এর ভিশন:

* বিএডিসি'র মাধ্যমে 7.60 লক্ষ হেক্টর সেচ এলাকা টেকসইকররণ;
* সেচ দক্ষতা 38% থেকে 50% এ উন্নীতকরণ;
* সেচ কাজে ভূপরিস্থ পানির ব্যবহার 30% এ উন্নীতকরণ;
* সেচ কাজে ভূগর্ভস্থ পানির ব্যবহার 70% এ হ্রাসকরণ।

পরিকল্পনা সমূহ অর্জনের লক্ষ্যে সম্প্রতি বরিশাল, ভোলা, ঝালকাঠি ও পিরোজপুর জেলা সেচ উন্নয়ন প্রকল্প শীর্ষক প্রকল্প প্রস্তাবের প্রকল্প মূল্যায়ন কমিটি (পিইসি )'র সভা বিগত ১৭/০৮/২০২২ খ্রিঃ তারিখে পরিকল্পনা কমিশনে অনুষ্ঠিত হয়েছে। বর্ণিত প্রকল্পটি অনুমোদিত হলে ঝালকাঠি জেলায় সেচ সম্প্রসারণের কাজ করা সম্ভব হবে। বর্তমানে প্রকল্প প্রস্তাব পুনর্গঠনের কাজ চলমান রয়েছে।